

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা।
WWW.lgd.gov.bd

উন্নয়নের গনতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৩.৯৯.০০৬.১৭- ১৫৬৬

তারিখঃ ০২ ফাল্গুন ১৪২৪
১৪ ফেব্রুয়ারি ২০১৮

বিষয় : চাঁদপুর জেলার মতলব উত্তর ও মতলব দক্ষিণ উপজেলায় ১০০০ (এক হাজার) আর্সেনিকমুক্ত গভীর নলকূপ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর স্মারক নং-২৬ তারিখ-২৪/০১/২০১৮ ডি,ও পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জনাব মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীরবিক্রম, এমপি, মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়; তাঁর নির্বাচনী এলাকা চাঁদপুর-২, মতলব উত্তর ও মতলব দক্ষিণ এ দুইটি উপজেলা নিয়ে গঠিত। উভয় উপজেলায় আর্সেনিকমুক্ত বিশুদ্ধ খাবার পানির উৎস চাহিদার তুলনায় অত্যাধিক কম। তাছাড়া, মেঘনা-ধনগোদা সেচ প্রকল্পের বেড়ী বাঁধের ভিতরে হওয়ায় এখানে বছরের অধিকাংশ সময়েই পানি থাকে না। ফলে ডোবা, নালা ও বদ্ধ পুকুরের পানি এবং অগভীর নলকূপের পানি ব্যবহার করে এখানকার অধিবাসীরা ডায়রিয়া, আমাশয়, জন্ডিস ও আর্সেনিকসহ নানা প্রকার পানিবাহিত রোগে আক্রান্ত হচ্ছে। এহেন পরিস্থিতি বিবেচনায় মাননীয় মন্ত্রী মহোদয় তাঁর নির্বাচনী এলাকা চাঁদপুর-২, মতলব উত্তর ও মতলব দক্ষিণ উপজেলায় ৩৮ মিঃ মিঃ ব্যাসের ৬ নং গভীর নলকূপ ১০০০ (এক হাজার)টি বরাদ্দ প্রদানের অনুরোধ করেছেন।

এমতাবস্থায়, মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর আধা সরকারি পত্রটির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

মোঃ খাইরুল ইসলাম
উপ সচিব
ফোন : ৯৫৭৫৫৬২

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

অনুলিপি :

- ০১ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০২ প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।